

তারিখঃ ২৮/০২/২০২৩

## সংশোধিত বিজ্ঞপ্তি

আযম খান সরকারি কমার্স কলেজে অধ্যয়নরত ২০২২-২৩ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থবছরে উপবৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে শিক্ষার্থীদেরকে ফরম সংগ্রহ করে তা পূরণপূর্বক আগামী ০৯/০৩/২০২৩ তারিখের মধ্যে কলেজের প্রশাসনিক ভবনের নিচ তলায় অফিস রুমে জমা দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হল। উল্লেখ্য শিক্ষাবোর্ড কর্তৃক মেধা/সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা এবং অভিভাবক কর্তৃক শিক্ষাভাতা গ্রহণ করলে উক্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।

নির্দিষ্ট সময়ের পর আর কোন ফরম জমা নেওয়া হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে ফরম জমা দিতে ব্যর্থ হলে এবং আবেদনে কোন ভুল থাকলে তার প্রেক্ষিতে উপরোক্ত বৃত্তি সংক্রান্ত কোন সমস্যা হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

### উপবৃত্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। নির্ধারিত আবেদন ছক
- ২। আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ১ কপি
- ৩। আবেদনকারীর জন্ম নিবন্ধন সনদের ফটোকপি (১৭ ডিজিট)
- ৪। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিট)
- ৫। পিতা ও মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিট)
- ৬। এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের ফটোকপি
- ৭। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা /অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর

### বিঃদ্রঃ

পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে;

উল্লেখ্য নির্ধারিত আবেদন ছকে ব্যাংক হিসাবসংক্রান্ত ভুল তথ্য প্রদান করা হলে উক্ত ফরম বাতিল বলে গণ্য করা হবে।

প্রতি স্বাক্ষর

২৮/০২/২৩

প্রফেসর কান্তিক চন্দ্র মন্ডল (৬০৬৪)

অধ্যক্ষ

আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

২৮.২.২০২৩

আহবায়ক

উপবৃত্তি কমিটি একাদশ শ্রেণি ২০২২-২৩

আযম খান সরকারি কমার্স কলেজ

খুলনা।